

এসএসসি পরীক্ষার প্রশ্ন ফাঁসের খবর গুজব, গ্রেপ্তার ৪

অনলাইন ডেস্ক



চলমান এসএসসি পরীক্ষা-২০২৬ ঘিরে প্রশ্ন ফাঁসের যে খবর সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়ানো হচ্ছে, তা সম্পূর্ণ গুজব বলে জানিয়েছে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা। একই সঙ্গে এ ধরনের অপপ্রচার চালানোর অভিযোগে পুলিশের সিটি ইন্টেলিজেন্স অ্যানালাইসিস বিভাগ (সিটিটিসি) অভিযানে মূল হোতাসহ চারজনকে গ্রেপ্তার করা হয়েছে বলে জানিয়েছেন বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর এস এম কামাল উদ্দিন হায়দার।

শনিবার (২৫ এপ্রিল) প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, চলমান এসএসসি পরীক্ষা উপলক্ষে প্রশ্নপত্র ফাঁসের ভূয়া ও বিভ্রান্তিকর

তথ্য সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে
দেওয়া হয়েছে।

এতে বলা হয়, একটি অসাধু চক্র শিক্ষার্থী,
অভিভাবক ও সাধারণ মানুষের মধ্যে বিভ্রান্তি,
আতঙ্ক ও নৈতিক অবক্ষয় সৃষ্টির অপচেষ্টা
চালাচ্ছে।

একই সঙ্গে তারা সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ণ
করার লক্ষ্যেও এসব অপপ্রচার চালাচ্ছে।

বিজ্ঞপ্তিতে আরো উল্লেখ করা হয়, গত ২০
এপ্রিল পুলিশের সিটি ইন্টেলিজেন্স
অ্যানালাইসিস বিভাগ (সিটিটিসি) সামাজিক
যোগাযোগ মাধ্যম পর্যবেক্ষণের মাধ্যমে
'এসএসসি-২০২৬ প্রশ্নপত্র ফাঁস গ্রুপ' নামে
একটি ফেসবুক পেজ শনাক্ত করে। প্রাপ্ত তথ্য ও
প্রযুক্তিগত বিশ্লেষণের ভিত্তিতে সিটিটিসির
একটি বিশেষ দল ২৩ এপ্রিল ঢাকা জেলার
আশুলিয়া থানার জিরাবো টাঙ্গুর এলাকায়
অভিযান চালায়।

অভিযানে প্রশ্ন ফাঁস গুজবের মূল হোতাসহ
চারজনকে গ্রেপ্তার করা হয়।

গ্ৰেপ্তার ব্যক্তির অবৈধ আৰ্থিক লাভের উদ্দেশ্যে
প্রশ্ন ফাঁসের মিথ্যা প্রচার চালিয়ে চলমান পরীক্ষা
কার্যক্রমকে ব্যাহত করার অপচেষ্টায় লিপ্ত ছিল
বলে জানানো হয়েছে।

বোর্ডের বিজ্ঞপ্তিতে আরো বলা হয়, সামাজিক
যোগাযোগ মাধ্যমে প্রচারিত প্রশ্নপত্র ফাঁস
সংক্রান্ত গুজব, অপপ্রচার ও প্রতারণামূলক
কর্মকাণ্ড থেকে সবাইকে সচেতন থাকতে হবে।
এ ধরনের বিভ্রান্তিকর তথ্য বিশ্বাস না করে
সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নির্ভরযোগ্য তথ্য অনুসরণ
করার জন্য বিশেষভাবে অনুরোধও জানানো
হয়েছে।